হিন্দু-সৎকর্ম্মমালা।

অষ্টম ভাগ।

কালিকাপুরাণোক্ত দুর্গাপূজা, অপরাজিতা ও সঙ্কটা-স্তব এবং গুণবিষ্ণুকৃত টীকা
সহিত কুশণ্ডিকাদি সম্বলিত পুস্তক।

পরমারাধ্য পূজ্যপাদ শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যারত্ন ও শ্রীযুক্ত মথুরানাথ ন্যায়রত্ন
ভট্টাচার্য্য প্রভৃতি মহাশয়গণ দ্বারা সংশোধিত।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য কর্ত্তৃক
পোষ্ট-বরাহনগর,—পালপাড়া, চতুষ্পাঠী হইতে প্রকাশিত।

কলিকাতা।
১১ নং, বারাণসী ঘোষের ষ্ট্রীট ; সাহিত্যানন্দ প্রেসে
শ্রীপঞ্চানন মজুমদার দ্বারা মুদ্রিত।
সন ১৩০২। মাহ শ্রাবণ।

রেজিষ্টরী করা। মূল্য ।৶০ ছয় আনা মাত্র।

অষ্টম ভাগের বিজ্ঞাপন।

ভগবদীচ্ছায় ক্রমশঃ “হিন্দু-সৎকর্ম্মমালা” অষ্টম ভাগ প্রকাশ হইল। ইহাতে কালিকাপুরাণোক্ত দুর্গোৎসব এবং ব্যবস্থা ও গুণবিষ্ণুকৃত টীকা সহ সাধারণ কুশণ্ডিকাদি লেখা হইয়াছে। মূল্য ।৵০ ছয় আনা। দিননির্ণয় প্রভৃতি সহ অন্যান্য সংস্কারাদি এবং বৃষোৎসর্গ, ব্রতাদি প্রতিষ্ঠা ও বাস্তুযাগাদি পূজার পর ছাপা আরম্ভ হইবে। মূল্য ।৵০ আনা, হিঃ।

৫ম সংস্করণ ১ম ভাগে,—সব্যবস্থা-তর্পণ, ত্রিবেদী ও তান্ত্রিকী-সন্ধ্যা, স্নানাদি সম্বলিত নিত্য কাম্য ও তান্ত্রিকী পূজাদি, জন্মতিথি, কোজাগর এবং ঘটোৎসর্গাদি লেখা আছে। মূল্য পাঁচ আনা।

৩য়, সং, ২য়, ভাগে,—সানুবাদ-স্তব সমূহ, শতনাম, শিবরাত্রি, জন্মাষ্টমী, রামনবমী, দীপান্বিতা ও স্বস্ত্যয়নাদি লেখা আছে। মূল্য ।৶০ আনা।

৩য়, সং, ৩য় ভাগে,—সানুবাদ-সব্যবস্থা-সামবেদী ও যজুর্ব্বেদী পার্ব্বণ, একোদ্দিষ্ট ও আভ্যুদয়িকাদি শ্রাদ্ধ কাণ্ড, মুমুক্ষুকৃত্য, উপনয়ন, বৃষোৎসর্গ ও ব্রতপ্রতিষ্ঠাদির ফর্দ্দাদি লেখা হইয়াছে ।৶০ আনা।

৩য়, সং, ৪র্থ ভাগে,—সানুবাদ-মহিম্নস্তব, শনিস্তব, আদিত্যহৃদয়, সপিণ্ডীকরণ, মুমূর্ষুকৃত্য, শবদাহ, যাবতীয় অশৌচব্যবস্থা, গঙ্গায় অস্থিক্ষেপ, বৈতরণী, চতুর্দ্দশশান্তি, তিলকাঞ্চন ও দশপিণ্ডদানাদি ।৵০ আনা।

২য়, সং, ৫ম ভাগে,—বিবাহ লক্ষণাদি প্রস্তাব, সানুবাদ-সাম ও যজুর্ব্বেদীয় সম্প্রদান প্রকরণ, দায়োপগমন, রাস, দোল, দানবিধি, দ্রব্যশুদ্ধি, কবচশোধন, গায়ত্রিকবচ ও সূর্য্যকবচাদি। মূল্য।৴০ আনা।

২য় সংস্করণ ৬ষ্ঠ ভাগে,—ঐহিক ও জন্মান্তরীণ প্রায় যাবতীয় পাপের প্রায়শ্চিত্ত, গো-সেবা, প্রতিমা পূজাদিপ্রস্তাব এবং নানাবিধ ব্যবস্থা ও ফর্দ্দাদি সহ কালিপূজাদি লেখা হইয়াছে। মূল্য।৵০ ছয় আনা।

৭ম, ভাগে,—সব্যবস্থা-কুমারীপূজা, বিস্তৃত-পুরশ্চরণপ্রয়োগ, জগদ্ধাত্রী, অন্নপূর্ণা ও কার্ত্তিকপূজা এবং স্মৃতিসম্মত সর্ব্বপুরাণ বিহিত ব্যবস্থা সহ বৃহন্নন্দিকেশ্বর পুরাণোক্ত দুর্গাপূজাদি লেখা আছে।৴০ আনা।

বিশেষ বিজ্ঞাপন।

সৎগ্রন্থের বহুল প্রচার মানসে সাধারণ ব্যক্তিদিগকে জানাইতেছি যে, আপনাদের কোন পুস্তকের প্রয়োজন হইলে, আমার নামে কিম্বা কলিকাতা,—কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ ১৯।১ নং দত্ত বানার্জ্জি এণ্ড কোং 'হিন্দুপুস্তকালয়ে' পত্র লিখিলে, গ্রাহকদিগের অভিপ্রায় মতে পুস্তক নির্ব্বাচন পূর্ব্বক শীঘ্র পুস্তক পাঠান যাইবে। (প্রত্যুত্তরের প্রয়োজন থাকিলে, ডবল কার্ডে পত্র লেখা প্রয়োজন) স্বল্প মূল্যের পুস্তকের জন্য টিকিট পাঠাইলে, ভিঃ পিঃ খরচা লাগেনা, বুক্ পোষ্টে পুস্তক পাঠান যায়।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য।
কলিকাতা,—পোঃ,—বরাহনগর, পালপাড়া।

সূচীপত্র।

বিশেষ দ্রষ্টব্য।

এতদ্দ্বারা মফঃস্বলবাসী ব্যক্তিদিগকে জানান যাইতেছে যে, যাঁহাদিগের ইংরাজি বাঙ্গলা বা সংস্কৃত কোন প্রকার পুস্তক কিম্বা চেক্ বিল প্রভৃতি ছাপাইবার প্রয়োজন হইবে, তাঁহারা বিশেষ বিবরণ সহ আমাকে পত্র লিখিলে, নিজে তত্ত্বাবধারণ করিয়া, বিশুদ্ধরূপে ও সুলভ খরচায় পুস্তকাদি ছাপাইয়া দিব।

শ্রীমন্মথনাথ স্মৃতিরত্ন ভট্টাচার্য্য।

পোষ্ট—বরাহনগর, পালপাড়া—চতুষ্পাঠী।

হিন্দু-সৎকর্ম্মমালা।

অষ্টম-ভাগ।

কালিকাপুরাণোক্ত দুর্গাপূজা পদ্ধতি।

বোধন *। পূজক নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক স্বস্তিবাচন করিয়া, সঙ্কল্প করিবে। (৭ম ভাগ, ৬৮ পৃষ্ঠা দেখ)। পরে, দেবোবো—সূক্তমন্ত্র পড়িয়া, ঘট-

---

* নবমী বোধন এবং কল্পারম্ভ প্রভৃতির প্রয়োগ ও ব্যবস্থাদি এবং দুর্গোৎসব সম্বন্ধীয় বিশেষ ব্যবস্থাদি ৭ম ভাগে ৬৫ পৃষ্ঠা হইতে বৃহন্নন্দিকেশ্বর পুরাণোক্ত পদ্ধতিতে দেখিতে হইবে।

কালিকা পুরাণোক্ত পূজায় যে কিছু বিশেষ আছে, তাহাই লিখিলাম। পূজক মহাশয়েরা যথাসময়ে দুর্গোৎসবের এই পদ্ধতি ভালরূপে দেখিয়া রাখিলেই অনায়াসে ইহা দেখিয়া কার্য্য করিতে পারিবেন। ন্যাসাদি অভ্যাস না করিয়া এই সকল বৃহৎ পূজায় হস্তক্ষেপ করা উচিত নহে। যে সকল বিষয় স্মরণ না হয়, তাহা যে ভাগের যে পৃষ্ঠায় উল্লেখ আছে, সেই পৃষ্ঠাঙ্ক দেখিয়া বাহির করিলেই চলিবে। "হিন্দুসৎকর্ম্মমালা" ১ম হইতে ৫ম ভাগ পর্য্যন্ত একখণ্ডে, এবং অপরগুলি

স্থাপন † পূর্ব্বক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, (প্র ৭৭ পৃষ্ঠা) মাতৃকান্যাস, পীঠন্যাস (৭ম ভাগ, ৩৩ পৃষ্ঠা) করিয়া, "হ্রীঁ" মন্ত্রে প্রাণায়াম, করন্যাস ও অঙ্গন্যাস করণানন্তর ঘটে গণেশাদিকে গন্ধপুষ্পাদি দ্বারা পূজা করিয়া, দুর্গার ধ্যান এবং বিশেষার্ঘ্য স্থাপনাদি করিবে (৭ম ভাগে ৭২ পৃষ্ঠা হইতে দেখ)। "ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ" এই মন্ত্রে দুর্গার ষোড়শোপচারে পূজা করিবে। পরে, দশোপচারে বিল্ববৃক্ষের পূজা করিয়া, বাদ্যধ্বনি পূর্ব্বক করযোড়ে পড়িবে,—

ঐঁ রাবণস্য বধার্থায় রামস্যানুগ্রহায় চ। অকালে ব্রহ্মণা বোধো দেব্যাস্তয়ি কৃতঃ পুরা॥ অহম্যপ্যাশ্বিনে ষষ্ঠ্যাং সায়াহ্নে বোধয়ামি বৈ। শক্রেণাপি চ সংবোধ্য প্রাপ্তং

আর এক খণ্ডে বাঁধাই‥ হইবে। এই দুই খণ্ড কাছে রাখিয়া কার্য্য করিলে কোন অসুবিধা ঘটিবে না। এক বিষয় আবশ্যকমতে বারম্বার লিখিয়া স্থান নষ্ট করিয়া গ্রাহকের ক্ষতি করা অপেক্ষা বরাত দেওয়া ভাল। বিষয়ী বা সংস্কৃত ভাষানভিজ্ঞ ব্যক্তিগণ একবার উপযুক্ত ব্রাহ্মণ পণ্ডিতের নিকট স্ব স্ব প্রয়োজনীয় বিষয়গুলি বুঝিয়া লইয়া শিক্ষা করিবেন; যেহেতু অনেক বিষয়ে মৌখিক উপদেশ লওয়া আবশ্যক।

† সামবেদী ঘটস্থাপন প্র ৭৪ পৃষ্ঠায় এবং যজুর্ব্বেদী ঘটস্থাপন ৭ম ভাগে ৭০ পৃষ্ঠায় দেখ।

রাজ্যং সুরালয়ে ॥ তস্মাৎ অহং ত্বাং প্রতিবোধয়ামি বিভূতি-রাজ্য-প্রতিপত্তি-হেতোঃ। যথৈব রামেণ হতো দশাস্ত-স্তথৈব শত্রূন্ বিনিপাতয়ামি ॥ তৎপরে,কাণ্ড চতুষ্টয় আরোপণাদি করাইবে (৭ম ভাগ, ৭৩ পৃষ্ঠা দেখ)।

অধিবাস।

স্বস্তিবাচন পূর্ব্বক সঙ্কল্প করিবে (৭ম ভাগ, ৭৩ পৃষ্ঠা দেখ)। পরে, সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি প্রভৃতি যথাশক্তি করণানন্তর গণেশাদিকে গন্ধপুষ্প দিয়া, দেবীর ধ্যানাদি (৭ম ভাগ, ৭২ পৃষ্ঠা) পূর্ব্বক পূজা করিয়া, বিল্ববৃক্ষের যথাশক্তি পূজা করিবে। তৎপরে, বোধন ঘটে এবং নব পত্রিকায় দেবীর আবাহন করিয়া, অধিবাস করিবে। তৈল হরিদ্রা দ্বারা "ওঁ কোহসি কতমোহসি কস্মৈ ত্বা কাম ত্বা সুশ্লোকমপি সুমঙ্গলং সত্যরাজন্। অনয়া তৈল-হরিদ্রয়া অস্যা ভগবদ্দুর্গায়া নবপত্রিকায়াশ্চ শুভাধিবাসনমস্তু। (এইক্রমে) গন্ধ লইয়া,—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং—ইত্যাদি। মাল্য লইয়া,—ওঁ শ্রীশ্চ তে

লক্ষ্মীশ্চ পত্ন্যা অহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তং ইষ্ণুন্নিশানামুং ময়ীশানঃ সর্ব্বলোকং ময়ীশানঃ॥ পরে, মহী গন্ধাদি বিংশতি দ্রব্য দ্বারা বিংশতি মন্ত্র (৭ম ভাগ, ৭৮ পৃষ্ঠা) পাঠ পূর্ব্বক অশক্তে গায়ত্রী পড়িয়া, অধিবাসন করিবে। পরে, বিল্ববৃক্ষের বায়ু কোণ ও নৈঋতকোণ ভিন্ন দিকের ফল যুগ্ম সমন্বিত (অভাবে অনিয়ম) ছেদন-যোগ্য শাখায় সিন্দুর চিহ্ন দিয়া, করযোড়ে আমন্ত্রণ মন্ত্র পড়িবে,—ওঁ মেরুমন্দর কৈলাস হিমবচ্ছিখরে গিরৌ। জাতঃ শ্রীফলবৃক্ষ ত্বং অম্বিকায়াঃ সদা প্রিয়ঃ॥ শ্রীশৈল-শিখরে জাতঃ শ্রীফলঃ শ্রীনিকেতনঃ। নেতব্যোঽসি ময়া গচ্ছ পূজ্যো দুর্গাস্বরূপতঃ॥ ওঁ ভূতাঃ ইহাগচ্ছতাগচ্ছত—আবাহন করিয়া, এতেগন্ধপুষ্পে ওঁ ভুতেভ্যো নমঃ। এষ মাষভক্তবলি ওঁ ভুতেভ্যো নমঃ। "ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষঃ প্রসাধিতঃ। পূজিতা গন্ধ-পুষ্পাদ্যৈর্বলিভি-স্তর্পিতাস্তথা। দেশাদস্মাৎ বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাং॥" এই মন্ত্রে শ্বেত সর্ষপ প্রক্ষেপ করিয়া, আরত্রিক করিবে। পরে, ব্যবহার বশতঃ বাদ্যধ্বনি পূর্ব্বক প্রতিমা-

সমীপে আসিয়া, পূর্ব্বোক্ত দ্রব্যদ্বারা গায়ত্রী পড়িয়া, প্রতিমার অধিবাস করিয়া, প্রতিমার চতুষ্কোণে কাণ্ডাৎ—ইত্যাদি (৭ম ভাগ, ৭৬ পৃষ্ঠা) মন্ত্রে কাণ্ড চতুষ্টয় আরোপণ এবং সূত্র বেষ্টন পূর্ব্বক আরত্রিক করিবে।

সপ্তমী-পূজা।

পূজক নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক বিল্বতরু-সমীপে যাইয়া, পঞ্চোপচারে বিল্ববৃক্ষের পূজা করিয়া, করযোড়ে পড়িবে,—"ওঁ বিল্ববৃক্ষ মহাভাগ সদা ত্বং শঙ্করপ্রিয়ঃ। গৃহীত্বা তব শাখাং দুর্গাপূজাং করোম্যহং॥ শাখাচ্ছেদোদ্ভবং দুঃখং ন চ কার্য্যং ত্বয়া প্রভো। দৈবৈর্গৃহীত্বা তে শাখাং পূজ্যা দুর্গেতি বিশ্রুতিঃ॥ ওঁ ছিন্দি ছিন্দি ফট্ ফট্ স্বাহা।" এই মন্ত্রে সিন্দূর চিহ্নিত শাখা ছেদ করিয়া পড়িবে,—ওঁ পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং নেষ্যামি চণ্ডিকালয়ং। বিল্বশাখাং সমাশ্রিত্য লক্ষ্মীরাজ্যং প্রযচ্ছ মে॥ আগচ্ছ চণ্ডিকে দেবি সর্ব্বকল্যাণহেতবে। পূজাং গৃহাণ সুমুখি নমস্তে শঙ্করপ্রিয়ে॥

এই মন্ত্র পড়িয়া, বাদ্যধ্বনি পূর্ব্বক ছিন্ন বিল্বশাখা সহিত নব পত্রিকাকে দেবী-সমীপে কিম্বা নদী-

তীরে লইয়া গিয়া, * পীঠাসনে স্থাপন করিবে। পরে, শ্বেত অপরাজিতা লতা দ্বারা উহা বেষ্টন করিবে এবং নবপত্রিকায় ও দর্পণ-প্রতিবিম্বে দেবীর আবাহন করিয়া, তৈল হরিদ্রা মাখাইবে; মন্ত্র,—ওঁ নানারূপধরে দেবি দিব্যবস্ত্রাবগুণ্ঠিতে। হরিদ্রালেপনমাত্রেণ চিত্রদোষো বিনশ্যতি॥

নবপত্রিকা স্নান।—বিশুদ্ধ জলদ্বারা,—ওঁ কদলীতরুসংস্থাসি বিষ্ণোর্বক্ষস্থলাশ্রয়ে। নমস্তে নবপত্রি ত্বং নমস্তে চণ্ডনায়িকে॥ ওঁ কচ্চি ত্বং স্থাবরস্থাসি সদা সিদ্ধিপ্রদায়িনী। দুর্গারূপেণ সর্ব্বত্র স্নানেন বিজয়ং কুরু॥ ওঁ হরিদ্রে হররূপাসি শঙ্করস্য সদাপ্রিয়ে। রুদ্ররূপাসি দেবী ত্বং সর্ব্বশান্তিং প্রযচ্ছ মে॥ ওঁ জয়ন্তী জয়রূপাসি জগতাং জয়কারিণী। স্নাপয়ামীহ দেবি ত্বাং জয়ং দেহি গৃহে মম॥ ওঁ শ্রীফল শ্রীনিকেতোঽসি সদা বিজয়বর্দ্ধনঃ। দেহি মে হিতকামাংশ্চ প্রসন্নো ভব সর্ব্বদা॥ ওঁ দাড়িম্যঘ বিনাশায় ক্ষুন্নাশায় সদা ভুবি। নির্ম্মিতা ফলকামায় প্রসীদ ত্বং হরপ্রিয়ে॥ ওঁ স্থিরা ভব সদা দুর্গে অশোকে শোকহারিণী। ময়া ত্বং পূজিতা দুর্গে স্থিরা ভব হরপ্রিয়ে॥ ওঁ মানো মান্যেষু

---

* গঙ্গাতীরবাসী অনেকেই গঙ্গায় নবপত্রিকার স্নান মন্ত্রে স্নান করাইয়া আনিয়া, দেবী-সমীপে পীঠাসনে দর্পণ সহিত নবপত্রিকাকে রাখিয়া, মহাস্নান করাইয়া থাকেন।

বৃক্ষেষু মাননীয়ঃ স্থরাস্থরৈঃ। স্নাপয়ামি মহাদেবীং মানং দেহি নমোঽস্তু তে॥ ওঁ লক্ষ্মী-ত্বং ধান্য-রূপাসি প্রাণিনাং প্রাণদায়িনী। স্থিরাত্যন্তং হি নো ভূত্বা গৃহে কামপ্রদা ভব॥ ১॥

মহাস্নান।—নদী জলপূর্ণ ঘট দ্বারা,—ওঁ আত্রেয়ী ভারতী গঙ্গা যমুনা চ সরস্বতী। সরযূর্গণ্ডকী পুণ্যা শ্বেতগঙ্গা চ কৌশিকী। ভোগবতী চ পাতালে স্বর্গে মন্দাকিনী তথা। সর্ব্বাঃ সুমনসো ভূত্বা ভৃঙ্গারৈঃ স্নাপয়ন্তু তাঃ॥

তৎপরে, ওঁ সুরাস্ত্বামভিষিঞ্চন্তু।—ইত্যাদি [৭ম ভাগের ৮৬ পৃষ্ঠার প্রথম পংক্তি হইতে ৮৭ পৃষ্ঠার ৬ পংক্তির শন্নোদেবী মন্ত্র পর্য্যন্ত] মন্ত্রদ্বারা যথাক্রমে স্নান করাইবে। পরে, পঞ্চগব্য শোধন মন্ত্রে তত্তদ্দ্রব্য দ্বারা ক্রমশঃ স্নান করাইয়া, মধুবাতা—মন্ত্রে মধুদ্বারা স্নান করাইবে। পঞ্চশস্য চূর্ণ অভাবে গোধূম চূর্ণ দ্বারা দর্পণ ও নবপত্রিকা ত্রক্ষণ করিবে। পরে, "গায়ত্রী পাঠ পূর্ব্বক হ্রীঁ ও দুর্গায়ৈ নমঃ" মন্ত্রে চন্দন অগুরু স্বর্ণ পঞ্চরত্ন কর্পূর ও (গঙ্গামৃত্তিকা) প্রত্যেক দ্রব্য মিশ্রিত জলদ্বারা স্নান করাইবে। পুষ্পোদক দ্বারা,—ওঁ অশ্বিনো র্ভৈষজ্যেন তেজসে ব্রহ্মবর্চ্চসায় অভিষিঞ্চামি সরস্বত্যৈ ভৈষজ্যেন বীর্য্যায় অন্নাদ্যায় অভিষিঞ্চামি। ইন্দ্রস্যেন্দ্রিয়েণ বলায় শ্রিয়ৈ যশসেঽভিষিঞ্চামি॥ কুশোদকদ্বারা,—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যাং হস্তমাদদে॥ ফলোদকদ্বারা,—ওঁ

অগ্ন আয়াহি বীতয়ে গৃণানোহব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিসি॥ মধুধারা, ওঁ হ্রীঁ হৃদয়ায় নমঃ। ঘৃতধারা,—হ্রীঁ শিরসে স্বাহা। দুগ্ধধারা,—হ্রুঁ শিখায়ৈ বষট্। নারিকেলোদকধারা,—হ্রৈঁ কবচায় হুং। ইক্ষুরসধারা,—হ্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্। দধিধারা,—হ্রঃ অস্ত্রায় ফট্। তিলতৈলধারা,—হ্রীঁ অম্বিকায়ৈ নমঃ। বিষ্ণুতৈলধারা,—হ্রীঁ চামুণ্ডায়ৈঃ নমঃ। পুষ্পোদকধারা,—হ্রুঁ চণ্ডায়ৈ নমঃ। কুশোদকধারা,—হ্রৈঁ প্রচণ্ডায়ৈ নমঃ। শঙ্খজলধারা,—ওঁ হ্রৌঁ উগ্রচণ্ডায়ৈ নমঃ। নির্ঝরোদকধারা,—ওঁ হ্রঃ চণ্ডবত্যৈ নমঃ। তৎপরে, নারীকেলোদক, (ফলোদক,) পঞ্চকষায়, শিশির, ইক্ষুরস, সাগরোদক, প্রত্যেক্ দ্রব্য মিশ্রিত জলধারা,—ওঁ নারায়ণ্যৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো দেবী প্রচোদয়াৎ। এই মন্ত্রে ক্রমশঃ স্নান করাইবে॥ সর্ব্বৌষধি এবং মহৌষধি মিশ্রিত জলধারা,—ওঁ যা ওষধীঃ সোমরাজ্ঞীর্বহ্বীঃ শতবিচক্ষণাঃ। তাসামসি ত্বমুত্তমাং ত্বাকামায় সংহৃদি। সহস্রধারা জলধারা,—ওঁ সাগরাঃ সরিতঃ সর্ব্বাঃ সর্ব্বস্রোতো নদাস্তথা। সর্ব্বৌষধিভিঃ পাপঘ্নাঃ সহস্রৈঃ স্নাপয়ন্তু তে। ওঁ লবণেক্ষু সুরাসর্পির্দধি-দুগ্ধ-জলৈস্তথা। সহস্রধারয়া দেবীং স্নাপয়ামি মহেশ্বরীং। ঘটচতুষ্টয়ধারা,—ওঁ অগ্নিমীলে পুরোহিতং—। ওঁ ইষেত্বোর্জ্জেত্বা—। ওঁ অগ্ন আয়াহি—। ওঁ শন্নো দেবী—। ৪। এই বৈদিক মন্ত্র চতুষ্টয় প্রত্যেকে পাঠ করিয়া স্নান করাইবে। পরে, অষ্টকলস স্নান করাইবে।

গঙ্গাজল পূরিত ঘটদ্বারা *।—ওঁ সুরাস্তামভিষিঞ্চন্তু ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাঃ। *ব্যোমগঙ্গাম্বুপূর্ণেন আদ্যেন কলসেন তু। ১। বৃষ্টিজল পূরিত ঘটদ্বারা,—ওঁ মরুতশ্চাভিষিঞ্চন্তু ভক্তিমন্তঃ সুরেশ্বরি। মেঘাম্বু পরিপূর্ণেন দ্বিতীয় কলসেন তু। ২। সরস্বতী জলপূরিত ঘটদ্বারা,—ওঁ সারস্বতেন তোয়েন সম্পূর্ণেন সুরোত্তমে। বিদ্যাধরাশ্চাভিষিঞ্চন্তু তৃতীয় কলসেন তু। ৩। সাগরোদক পূরিত ঘটদ্বারা,—ওঁ শক্রাদ্যাশ্চাভিষিঞ্চন্তু লোকপালাঃ সমাগতাঃ। সাগরোদকপূর্ণেন চতুর্থকলসেন তু। ৪। পদ্মরেণুমিশ্রিতজলদ্বারা,—ওঁ বারিণা পরিপূর্ণেন পদ্মরেণুসুগন্ধিনা। পঞ্চমেনাভিষিঞ্চন্তু নাগাশ্চ কলসেন তু। ৫। নির্ঝরোদক পূর্ণ ঘটদ্বারা,—ওঁ হিমবদ্ধেমকূটাদ্যাশ্চাভিষিঞ্চন্তু পর্বতাঃ। নির্ঝরোদক পূর্ণেন ষষ্ঠেন কলসেন তু। ৬। সর্বতীর্থাম্বুপূর্ণঘটদ্বারা,—ওঁ সর্বতীর্থাম্বুপূর্ণেন কলসেন সুরেশ্বরি। সপ্তমেনাভিষিঞ্চন্তু ঋষয়ঃ সপ্তখেচরাঃ। ৭। চন্দনোদক পূরিত ঘটদ্বারা,—ওঁ বসবশ্চাভিষিঞ্চন্তু কলসেনাষ্টমেন তু। অষ্টমঙ্গলসংযুক্তে দুর্গে দেবি নমোঽস্তু তে। ৮।

---

* এই অষ্ট কলস স্নানে বিশেষ বিশেষ তালে বাদ্যের প্রচলিত না থাকায় লিখিলাম না। সর্বত্র ঘণ্টাবাদ্য করিবে। সারীর দ্রব্য বিশেষের অভাবে আতপ তণ্ডুল প্রতিনিধিরূপে প্রক্ষেপ করা হয়।

মহাস্নান সমাপনান্তে ধৌতবস্ত্র দ্বারা দর্পণের জল মুছাইয়া, উঁহার মধ্যস্থলে সিন্দূর মাখাইয়া, বিল্বপত্র বৃন্তমূলদ্বারা 'হ্রীঁ' বীজ লিখিয়া, তাহার উপর ত্রিকোণ ও গোলাকার মণ্ডল অঙ্কিত করিয়া, ত্রিকাষ্ঠিকার উপর রাখিয়া, নবপত্রিকাকে আলতা ও বিল্বযুগল সহিত নূতন রজ্জু দ্বারা বাঁধিয়া,বস্ত্র পরাইয়া, দ্বারদেশে রাখিবে।

পরে, আসনে বসিয়া, আচমন পূর্ব্বক ভূতাপসরণ করিবে। 'ওঁ ভূতেভ্যো নমঃ' যথাশক্তি পূজা করিয়া, মাষভক্তবলি লইয়া,—ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্ণন্তু ময়াদত্তো বলিরেষঃ প্রসাধিতঃ। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্ব্বলিভিস্তর্পিতাস্তথা। দেশাদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাং॥ এষ মাষভক্তবলি ওঁ ভূতেভ্যো নমঃ। পরে, লাজ চন্দন সিদ্ধার্থ ভস্ম দূর্ব্বা কুশা ও অক্ষত লইয়া, 'ফট্' এই মন্ত্র সপ্তবার উচ্চারণ পূর্ব্বক,—ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভূমিপালকাঃ। ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহং॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেণ তাড়িতাঃ॥ এই মন্ত্রে উহা ছড়াইয়া দিবে।

পত্রিকাপ্রবেশ।—পঞ্চোপচারে 'ওঁ বিল্বশাখাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ' পূজা করিয়া, পত্রিকাকে দেবীরূপা চিন্তাপূর্ব্বক দেবীর মস্তকে দূর্ব্বাক্ষত দিয়া, দেবীর আসন ধরিয়া, পড়িবে,—ওঁ চণ্ডিকে চল

চল চালয় চালয় দুর্গে পূজাগৃহং প্রবিশ॥ গম্যতাং মদ্‌গৃহে দেবী অষ্টাভিঃ শক্তিভিঃ সহ। পূজাং গৃহাণ সুমুখি সর্ব্বকল্যাণ হেতবে॥ আগচ্ছ মদ্‌গৃহে দেবি সর্ব্বসম্পত্তিদায়িনি। প্রবিশ্য তিষ্ঠ যজ্ঞেহস্মিন্ যাবৎ পূজাং করোম্যহং॥ ত্বং পদ্মা পরমাশক্তিস্ত্বমেব শিববল্লভা। ত্রৈলোক্যোদ্ধারহেতুস্ত্বমবতীর্ণা যুগে যুগে॥ ওঁ ঐঁ হ্রীঁ স্বাং শ্রীঁ স্বমম্বিকে স্থিরা ভব॥ এই সকল মন্ত্রে বাদ্যধ্বনি করিয়া, সঞ্চালন পূর্ব্বক দেবীকে স্থাপন করিয়া, নবপত্রিকাকে গণেশের পার্শ্বে স্থাপন করিবে।

তৎপরে, প্রতিমাস্থ গঠিত ও চিত্রিত দেবতার যথাক্রমে চক্ষুর্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিয়া, দেবী ঘটস্থাপন, সামান্যার্ঘ্য ও আসনশুদ্ধি যথাক্রমে করিবে। [১ম ভাগের ৯৩ পৃষ্ঠার ৫ পংক্তি হইতে ৯৫ পৃষ্ঠার ৫ পংক্তি পর্য্যন্ত দেখ]। পরে, শ্বেতসর্ষপ লইয়া,—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতাঃ। যে ভূতা বিঘ্নকর্ত্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া।" এই মন্ত্রে শ্বেতসর্ষপ বিকীরণ পূর্ব্বক ভূমিতে বাম পদাঘাতত্রয় ও ঊর্দ্ধোর্দ্ধতালত্রয় এবং তুড়িদ্বারা দশদিগ্বন্ধন করিবে।

পরে, ভূতশুদ্ধি [ঐ ৭৭ পৃষ্ঠা] মাতৃকান্যাস ও পীঠন্যাস [১ম ভাগের ৩৩ পৃষ্ঠা হইতে দেখ] করিয়া "হ্রীঁ" মন্ত্রে প্রাণায়াম পূর্ব্বক, ঋষ্যাদি ন্যাস করিবে, যথা,—(অস্য দুর্গামন্ত্রস্য) নারদ ঋষির্গায়ত্রীচ্ছন্দো দুর্গাদেবতা চতুর্ব্বর্গসিদ্ধয়ে বিনিয়োগঃ। শিরসি নারদঋষয়ে নমঃ, মুখে গায়ত্রীচ্ছন্দসে নমঃ,

ঋদি দুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ। করন্যাস,—ওঁ দুর্গে অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ দুর্গে তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ দুর্গায়ৈ মধ্যমাভ্যাং বষট্, ওঁ দুর্গে ভূতরক্ষণি অনামিকাভ্যাং হুং, ওঁ দুর্গে রক্ষণি কনিষ্ঠাভ্যাং বৌষট্, দুর্গে দুর্গে রক্ষণি করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্। ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ—ইত্যাদি ক্রমে অঙ্গন্যাস করিবে।

তৎপরে, ওঁ জটাজূট সমাযুক্তাং—ইত্যাদি [৭ম ভাগের ৭২ পৃষ্ঠা] ধ্যান করিয়া, মানসোপচারে পূজা ও বিশেষার্ঘ্যস্থাপন পূর্ব্বক দেবীর সর্ব্বাঙ্গে পঞ্চবার পুষ্পাঞ্জলি দিয়া, গণেশের সন্নিহিত স্থানে গণেশঘট স্থাপন করিয়া, ঐ ঘটে যথাশক্তি গণেশের পূজানন্তর,—"ওঁ একদন্তং মহাকায়ং লম্বোদর গজাননং। বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহং।" এই মন্ত্রে প্রণাম করিবে। পরে, সূর্য্য, বিষ্ণু, শিব, ব্রহ্মা, নবগ্রহ, মহালক্ষ্মী, সরস্বতী, জয়া ও বিজয়ার যথাশক্তি পূজা করিয়া, আধারশক্ত্যাদি পীঠদেবতাদিগের [৭ম ভাগ ৩৬ পৃষ্ঠা] পূজা করিবে।

পরে, পুনশ্চ ধ্যান পূর্ব্বক "হ্রীঁ" মন্ত্রে পুষ্পাঞ্জলি দিয়া,—ওঁ ভূর্ভুবঃ স্বর্ভগবতি দুর্গে—ইত্যাদি [৭ম ৯৬ পৃষ্ঠা ৮ পংক্তি হইতে ৯৭ পৃষ্ঠার শেষ পংক্তি পর্য্যন্ত] মন্ত্রে আবাহন করিবে।

ষোড়শোপচার পূজা।—তাম্রাধারে আসন রাখিয়া,—বং রজতাসনায় নমঃ, অর্চ্চনাদি করিয়া, "ইদং রজতাসনং ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা হ্রীঁ ওঁ দুর্গায়ৈ নমঃ" ওঁ আসনং চারুচার্ব্বঙ্গি গৃহাণ মম

ভাবতঃ। ময়া নিবেদিতং ভক্ত্যা পার্ব্বতি ত্বং প্রসীদ মে॥ কৃতাঞ্জলি হইয়া বলিবে,—'ওঁ ভগবতি দুর্গে স্বাগতং' অন্নদানের ন্যায় পাদ্যাদিও অর্চ্চনা করিয়া দিয়া মন্ত্র পড়িবে,—পাদ্যে,—পাদ্যং গৃহ্ণ মহাদেবি সর্ব্বদুঃখাপহারিণি। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে শঙ্করপ্রিয়ে॥ অর্ঘ্যে,—ওঁ দূর্ব্বাক্ষত সমাযুক্তং বিল্বপত্রং তথাপরং। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ নানা তীর্থোদ্ভবং বারি কুঙ্কুমাদি সুশীতলং। গৃহাণার্ঘ্যমিদং দেবি বিশ্বেশ্বরি নমোঽস্তু তে॥ সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে। বিল্বপত্রকৃতাবাসে গৃহাণার্ঘ্যং হরপ্রিয়ে॥ আচমনীয়ে,—ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্ব্বপাপহরং শুভং। গৃহাণাচমনীয়ং ত্বং ময়া ভক্ত্যা নিবেদিতং॥ ইমা আপো ময়া ভক্ত্যা তব পাণিতলেঽর্পিতাঃ। আচামর মহাদেবি প্রীতা শান্তিং প্রযচ্ছ মে॥ মধুপর্কে,—ওঁ মধুপর্কং মহাদেবি ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ পুনরাচমনীয় দিয়া, স্নানার্থ জল দিবে,—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরং। স্নানার্থং তে প্রযচ্ছামি কল্পিতং প্রতিগৃহ্যতাং॥ (আচমনীয় দিয়া,) বস্ত্রে,—ওঁ বহুতন্তু সমাযুক্তং পট্টসূত্রাদি নির্ম্মিতং। বাসো দেবি সুশুক্লঞ্চ গৃহাণ বরবর্ণিনি। তন্তুসন্তানসংযুক্তং রঞ্জিতং রাগবস্তুনা। দুর্গে দেবি তব প্রীতিং বাসস্তে পরিধীয়তাং॥ (আচমনীয় দিয়া,) অলঙ্কারে,—দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানুসমপ্রভাঃ।

গাত্রাণি শোভয়িষ্যন্তি অলঙ্কারাঃ সুরেশ্বরি ॥ গন্ধে,—ওঁ শরীরং তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাং॥ পুষ্পে,—ওঁ পুষ্পং মনোহরং দিব্যং সুগন্ধি দেবনির্ম্মিতং। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাং॥ বিল্বপত্র দিয়া,—ওঁ অমৃতোদ্ভবং শ্রীবৃক্ষং শঙ্করস্য সদা প্রিয়ং। বিল্বপত্রং প্রযচ্ছামি পবিত্রং তে সুরেশ্বরি॥ ধূপ দিয়া—ওঁ বনস্পতি রসো দিব্যো গন্ধাঢ্যঃ সুরভোজনঃ। ময়া নিবেদিতো ভক্ত্যা ধূপোহয়ং প্রতিগৃহ্যতাং॥ দীপে,—ওঁ অগ্নি-জ্যোতীরবিজ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দুর্গে দীপোহয়ং প্রতিগৃহ্যতাং॥ অঞ্জনে,—ওঁ নমস্তে সর্ব্বদেবেশি নমস্তে শঙ্করপ্রিয়ে। চক্ষুষামঞ্জনং হৃদ্যং দেবি দত্তং প্রগৃহ্যতাং॥ ফলমূলে,—ওঁ ফলমূলানি সর্ব্বাণি গ্রাম্যারণ্যানি যানি চ। নানাবিধসুগন্ধিনি গৃহ্ন দেবি যথাচিরং॥ আমান্ননৈবেদ্যে,—ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং রসৈঃ ষড়্ভিঃ সমন্বিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ পরমেশ্বরি॥ (এই সময় মোদক এবং লড্ডুকাদিও দিবে)। (আচমনীয় দিয়া,) পানার্থ জলে,—ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং সুগন্ধি সুমনোহরং। ময়া নিবেদিতং ভক্ত্যা পানার্থং প্রতিগৃহ্যতাং॥ পূর্ব্বের স্থায় আচমনীয় দিয়া, তাম্বূল দিবে,—ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বূলং প্রতিগৃহ্যতাং॥ তৎপরে দূর্ব্বা বিল্বপত্রমালা

পুষ্পমাল্যও সিন্দূর দিবে, পুষ্পাঞ্জলি দান মন্ত্র,—ওঁ চণ্ডিকায়ৈ বিদ্মহে ভগবত্যৈ ধীমহি তন্নো গৌরী প্রচোদয়াৎ। [দেবীকে দর্পণ দেখাইবে এবং তৈজসাধার অন্ন, জল ও অন্যান্য প্রিয় উপভোগ দ্রব্য এই কালে দেবী সম্প্রদানক উৎসর্গ করিয়া দিবে]।

অনেকেই আবরণ পূজা সমাপনান্তে বলিদানের পর জপ না করিয়া, এই মূল পূজান্তেই এইস্থলে 'হ্রীঁ' মন্ত্রে প্রাণায়াম পূর্ব্বক অষ্টোত্তর শতবার 'হ্রীঁ' মন্ত্র জপ করিয়া, গুহ্যাতি মন্ত্রে জল দিয়া, পুনঃ প্রাণায়ামানন্তর সর্ব্বমঙ্গল মঙ্গল্যে—মন্ত্রে সাষ্টাঙ্গে নমস্কার করিয়া থাকেন।

সপ্তমীর আবরণ-পূজা।

পদ্মাসনের অগ্ন্যাদি কোণে,—এতে গন্ধ-পুষ্পে ওঁ দুর্গে হৃদয়ায় নমঃ। (এই ক্রমে) ওঁ দুর্গে শিরসি স্বাহা। ওঁ দুর্গায়ৈ শিখায়ৈ বষট্। ওঁ দুর্গে ভূতরক্ষণি কবচায় হুং। ওঁ দুর্গে দুর্গে রক্ষণি নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ দুর্গে দুর্গে রক্ষণি অস্ত্রায় ফট্॥ লোক পালা—ইহাগচ্ছতাগচ্ছত ইত্যাদি আবাহন পূর্ব্বক পূর্ব্বাদি অষ্টদিকে পঞ্চোপচারে পূজা করিবে, যথা,—ওঁ ইন্দ্রায় সবজ্রায় সবাহনপরিবারায় নমঃ। (এই ক্রমে) ওঁ অগ্নয়ে সশক্তয়ে—। ওঁ যমায় সদণ্ডায়—। ওঁ নৈর্ঋতয়ে সখড়্গায়—। ওঁ বরুণায় সপাশায়—।

ওঁ বায়বে সাঙ্কুশায়—। ওঁ কুবেরায় সগদায়—। ওঁ ঈশানায় সশূলায়—। ওঁ অনন্তায় সচক্রায়—। ওঁ ব্রহ্মণে সপদ্মায়—। [এই অষ্টলোকপাল পূজা আবরণ পূজার শেষে অনেক পদ্ধতিতে আছে।]

নবপত্রিকা পূজা।—ব্রহ্মাণ্যাদয় ইহাগচ্ছতাগচ্ছত—আবাহন করিয়া,—ওঁ রম্ভাধিষ্ঠাত্র্যৈ ব্রহ্মাণ্যৈ নমঃ। [দশোপচারে বা পঞ্চোপচারে পূজা করিবে]। প্রণাম মন্ত্র,—ওঁ দুর্গে দেবি সমাগচ্ছ সান্নিধ্যমিহ কল্পয়। রম্ভারূপেণ সর্ব্বত্র শান্তিং কুরু নমোঽস্তু তে। ১। (এই ক্রমে) ওঁ কচ্চ্যধিষ্ঠাত্র্যৈ কালিকায়ৈ নমঃ। ওঁ মহিষাসুর যুদ্ধেষু কচ্চীভূতাসি সুব্রতে। মম চানুগ্রহার্থায় আগতাসি হরপ্রিয়ে। ২। ওঁ হরিদ্রাধিষ্ঠাত্র্যৈ দুর্গায়ৈ নমঃ। ওঁ হরিদ্রে হররূপাসি উমারূপাসি সুব্রতে। মম বিঘ্নবিনাশায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে। ৩। ওঁ জয়ন্ত্যধিষ্ঠাত্র্যৈ কার্ত্তিক্যৈ নমঃ। ওঁ নিশুম্ভ শুম্ভমথনে সেন্দ্রৈর্দেবগণৈঃ সহ। জয়ন্তি পূজিতাসি ত্ব-মস্মাকং বরদা ভব। ৪। ওঁ বিল্বাধিষ্ঠাত্র্যৈ শিবায়ৈ নমঃ। ওঁ মহাদেবপ্রিয়করো বাসুদেবপ্রিয়ঃ সদা। উমাপ্রীতি করো বৃক্ষো বিল্বরূপ নমোঽস্তু তে। ৫। ওঁ দাড়িম্যধিষ্ঠাত্র্যৈ রক্তদন্তিকায়ৈ নমঃ। ওঁ দাড়িমি ত্বং পুরা যুদ্ধে রক্তবীজস্য সংমুখে। উমা-কার্য্যং কৃতং যস্মাদস্মাকং বরদা ভব। ৬। ওঁ অশোকাধিষ্ঠাত্র্যৈ শোকরহিতায়ৈ নমঃ। ওঁ হর-প্রীতিকরো বৃক্ষো হ্যশোকঃ শোকনাশনঃ। দুর্গাপ্রীতিকরো যস্মান্মামশোকং সদা কুরু। ৭। ওঁ মান-

ধিষ্ঠাত্র্যৈ চামুণ্ডায়ৈ নমঃ। ওঁ যস্য পত্রে বসেৎ দেবী মানবৃক্ষঃ শচীপ্রিয়ঃ। মম চানুগ্রহার্থায় পূজাং গৃহ্ণ প্রসীদ মে। ৮। ওঁ ধান্যাধিষ্ঠাত্র্যৈ লক্ষ্ম্যৈ নমঃ। ওঁ জগতঃ প্রাণরক্ষার্থং ব্রহ্মণা নির্ম্মিতং পুরা। উমাপ্রীতিকরং ধান্যং তস্মাত্বং রক্ষ মাং সদা। ৯। ওঁ নবপত্রিকাবাসিন্যৈ দুর্গায়ৈ নমঃ। ওঁ পত্রিকে নবদুর্গে ত্বং মহাদেবমনোরমে। পূজাং সমস্তাং সংগৃহ্য রক্ষ মাং ত্রিদশেশ্বরি॥

তৎপরে, "ওঁ সাঙ্গোপাঙ্গায়ৈ সবাহনায়ৈ সপরিবারায়ৈ দুর্গায়ৈ নমঃ" এই মন্ত্রে পুষ্পাঞ্জলিত্রয় দিবে। পরে, প্রতিমাস্থ গণেশ, লক্ষ্মী, সরস্বতী, কার্ত্তিক প্রভৃতি দেবতাদিগের ধ্যান (৭ম ৫৮ পৃষ্ঠা) পূর্ব্বক আবাহন করিয়া, দশোপচারে (সমর্থ পক্ষে ষোড়শোপচারে) এবং মহিষাসুর, সিংহ, সর্প, ময়ূর, মূষিক ও চিহ্নিত বিষ্ণু প্রভৃতি দেবতার যথাশক্তি পূজা করিবে। তৎপরে যথেচ্ছায় ভোগ দিয়া, বলিদান [৭ম ১১৪ পৃষ্ঠা] ও আরত্রিক করিয়া, স্তব পাঠ [৭ম ১২০ পৃষ্ঠা] পূর্ব্বক প্রদক্ষিণ করিয়া, "ঐঁ হ্রীঁ শ্রীঁ" মন্ত্র উচ্চারণানন্তর প্রণাম করিবে এবং চণ্ডীপাঠ ও দুর্গা নাম জপাদি করিবে। [এই দিনে সাবকাশ মতে সর্ব্বতো ভদ্র মণ্ডল দিয়া রাখিবে]।

মহাষ্টমী-পূজা।

নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক উষ্ণোদক সহিত বিল্বশাখা নির্ম্মিত দন্তকাষ্ঠ লইয়া এই মন্ত্রে দিবে,—"ওঁ আয়ুর্ব্বলং যশো বর্চ্চঃ প্রজাঃ পশু বসূনি চ। ব্রহ্ম প্রজ্ঞাঞ্চ মেধাঞ্চ ত্বন্নো ধেহি বনস্পতে।" পরে, নারাচ মুদ্রাদ্বারা "হাং হুং ফট্" এই মন্ত্রে পুষ্প নৈবেদ্যাদি অবলোকন পূর্ব্বক সামান্যার্ঘ্য, আসনশুদ্ধি, ভূতশুদ্ধি, মাতৃকান্যাস, ও পীঠন্যাস [৭ম ৩৩ পৃষ্ঠা ৮ পংক্তি হইতে] করিয়া, দেবীকে চিন্তা পূর্ব্বক দর্পণ প্রতিবিম্বে পুষ্পাঞ্জলি ত্রয় দিয়া, ঐ দর্পণে তৈল হরিদ্রা ম্রক্ষণ পূর্ব্বক স্নানোক্ত মন্ত্রে সপ্তমীর ন্যায় স্নান করাইবে, [৬ পৃষ্ঠা হইতে দেখ] পরে, দর্পণ পুছাইয়া বীজমন্ত্র লিখিয়া ত্রিকাষ্ঠিকার উপর রাখিবে। তৎপরে, মাষভক্ত বলি সপ্তমীবৎ দিয়া, ঘটে, গণেশ, ব্রহ্মা ও নবগ্রহের যথাশক্তি পূজা করিয়া, প্রাণায়াম, ঋষ্যাদিন্যাস, করন্যাস ও অঙ্গন্যাস [১১ পৃষ্ঠা ১২ পংক্তি দেখ] করিবে। পরে, দেবীকে ধ্যান [৭ম ১২ পৃষ্ঠা] পূর্ব্বক মানসোপচারে পূজা এবং বিশেষার্ঘ্যাদি স্থাপন ও আধারশক্ত্যাদির পূজা এবং পুনশ্চ ধ্যান করিয়া, দেবীকে যোড়শোপচারে [১২ পৃষ্ঠা হইতে দেখ] পূজা [illegible] করিবে।

মহাষ্টমীর আবরণ পূজা।—প্রথমে সপ্তমী পূজায় কথিত ষড়ঙ্গের এবং নবপত্রিকার পূজা করিবে। তৎপরে, মণ্ডলমধ্যস্থ পদ্মের পূর্ব্বাদি অষ্টদলে ও মধ্যে উগ্রচণ্ডাদি নবশক্তির আবাহন পূর্ব্বক পূজা করিয়া, চতুঃষষ্ঠি যোগিনী প্রভৃতির পূজা হইতে নব ভৈরবের পূজা পর্য্যন্ত করিবে (৭ম ভাগের ১০৪ পৃষ্ঠা হইতে ১০৯ পৃষ্ঠার ৫ পংক্তি পর্য্যন্ত দেখ)।

পরে, সপ্তমী পূজার আবরণে কথিত ইন্দ্রাদি লোকপালের পূজা (১৫ পৃঃ) করিয়া, দেবীকে মূলমন্ত্রে পুষ্পাঞ্জলি ত্রয় দিয়া, প্রতিমাস্থ গণেশাদি দেবতাদিগের যোড়শোপচারে পূজা পূর্ব্বক শিবাদির ও চিত্রিত দেবতার যথাশক্তি পূজা করিবে (১৭ পৃঃ)। পরে, খেচরান্ন ভোগ দিয়া, ছাগাদি বলিদান, (৭ম ভাগ, ১১৪ পৃষ্ঠা) পূর্ব্বক আরত্রিক, প্রদক্ষিণ, স্তবাদি পাঠ (৭ম ভাগ, ১২০ পৃষ্ঠা) চণ্ডীপাঠ, দুর্গানাম, জপ ও কুমারী পূজাদি করিয়া, ভোগোৎসর্গাদি করিবে। অদ্য যজমানের হোম থাকিলে কুশণ্ডিকোক্ত বিধানে বহ্নি স্থাপনাদি করিয়া, ঘৃতম্রক্ষিত বিল্বপত্র দ্বারা,—"ওঁ দুর্গে দুর্গে রক্ষণি স্বাহা" মন্ত্রে যথাশক্তি হোম করিবে।

সন্ধি-পূজা।

সন্ধিপূজার বিশেষ বিবরণাদি ৭ম ভাগের ১০৯ পৃষ্ঠায় দেখ। কালিকাপুরাণোক্ত চামুণ্ডার ধ্যান

যথা,—ওঁ কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিপাশিনী। বিচিত্রখট্টাঙ্গধরা নরমালাবিভূষণা। দ্বীপিচর্ম্মপরী-ধানা শুষ্কমাংসাতি ভৈরবা। অতিবিস্তারবদনা জিহ্বাললনভীষণা। নিমগ্না রক্তনয়না নাদাপূরিত দিঙ্মুখা॥

মহানবমী পূজা।—নবমীপূজা মহাষ্টমীর ন্যায় করিতে হইবে। এইদিন প্রভূত বলিদান ও কুমারী পূজা এবং হোম ও দক্ষিণান্ত করা কর্ত্তব্য (৭ম ভাগের ১১১ পৃষ্ঠা দেখ)।

বিজয়া দশমী।—নিত্যক্রিয়া সমাধা পূর্ব্বক যথাশক্তি দশোপচারে দেবীর পূজা করিবে। পরে, সকলে বিশেষরূপে স্তব পাঠ পূর্ব্বক (৭ম ভাগ, ১২০ পৃষ্ঠা) প্রদক্ষিণ করিয়া, তিনবার পুষ্পাঞ্জলি দান ও প্রণাম করিবে এবং দধিযুক্ত লাজা ও পর্য্যুষিত অন্নাদি ভোগ দিয়া, আরত্রিক করিবে। তৎপরে, কৃতাঞ্জলি হইয়া পড়িবে,—ওঁ মন্ত্রহীনং ক্রিয়াহীনং বিধিহীনং যদর্চ্চিতং। পূর্ণং ভবতু তৎ সর্ব্বং ত্বৎ প্রসাদান্মহেশ্বরি॥ পরে দেবীর অঙ্গে অবরণ দেবতাদিগের লয় চিন্তা করিয়া, "ওঁ দুর্গে দেবি ক্ষমস্ব" বলিয়া, ঘটে জল দিয়া, যোনিমুদ্রা দেখাইয়া, সংহার মুদ্রাদ্বারা নির্ম্মাল্য লইয়া, ঈশান কোণে কৃত ত্রিকোণ মণ্ডলের উপর "ওঁ চণ্ডেশ্বর্য্যৈ নমঃ, ওঁ নির্ম্মাল্য বাসিন্যৈ নমঃ"—মন্ত্রে পুষ্প রাখিবে। পরে, প্রতিমা চালনা পূর্ব্বক ধরিয়া পড়িবে,—ওঁ উত্তিষ্ঠ দেবি চামুণ্ডে শুভাং পূজাং প্রগৃহ্য চ। কুরুষ মম কল্যাণমষ্টাভিঃ শক্তিভিঃ সহ। গচ্ছ গচ্ছ পরং স্থানং স্বস্থানং দেবি [illegible]

রাগমনায় চ। যৎপূজিতং মহাদেবি পরিপূর্ণং তদস্তু মে। ব্রজ ত্বং স্রোতসি জলে তিষ্ঠ গেহে চ ভূতয়ে॥ বাদ্য কোলাহল পূর্ব্বক দর্পণ বিসর্জ্জন করিয়া,—ওঁ নিমজ্যাম্ভসি সম্পূজ্য পত্রিকা বর্জ্জিতা জলে। পুত্রায়ুর্ধনবৃদ্ধ্যর্থং স্থাপিতাসি ময়া জলে॥ ওঁ দুর্গে দেবি জগন্মাতঃ স্বস্থানং গচ্ছ চণ্ডিকে। সম্বৎসর ব্যতীতে তু পুনরাগমনায় চ। ইমাং পূজাং ময়া দেবি যথাশক্তিনিবেদিতং। রক্ষার্থং সমাদায় ব্রজস্ব স্থানমুত্তমং। তৎপরে, অচ্ছিদ্রাবধারণ ও বৈগুণ্য সমাধান করিবে এবং "ওঁ সুরাস্ত্বা-মভিষিঞ্চন্তু—ইত্যাদি—ধর্ম্মকামার্থসিদ্ধয়ে" ইত্যন্ত (১ম ভাগের ৮৬ পৃষ্ঠার ১ম পংক্তি হইতে ৯ পংক্তি পর্য্যন্ত) স্নান প্রকরণোক্ত মন্ত্র পড়িয়া, এবং "ওঁ মহাবাম দেব্য ঋষি—ইত্যাদি সাধারণ শান্তি মন্ত্র (ঐ ৮৬ পৃষ্ঠা) পাঠ করিতে করিতে দেবীঘটের জলধারা সপরিবার যজমান প্রভৃতির মস্তকে অভিষেক অর্থাৎ শান্তিদান করিবে।

অপরাজিতা-স্তোত্রং।

ওঁ শুদ্ধস্ফটিকসংকাশাং চন্দ্রকোটি-সুশীতলাং। অভয়-বরদহস্তাং শুক্লবস্ত্রৈরলঙ্কৃতাং। নানাভরণ সংযুক্তাং চক্রবাকৈশ্চ বেষ্টিতাং। এবং ধ্যায়েৎ সমাসীনো য এতামপরাজিতাং॥ অপরাজিতা

মন্ত্রস্য নারদ (বেদব্যাস) ঋষি-রনুষ্টুপ্ ছন্দঃ শ্রীঅপরাজিতা দেবতা লক্ষ্মী বীজং ভুবনেশ্বরীশক্তি-র্মম সর্ব্বাভীষ্টসিদ্ধয়ে জপে বিনিয়োগঃ॥ মার্কণ্ডেয় উবাচ। শৃণুধ্বং মুনয়ঃ সর্ব্বে সর্ব্বকামার্থসিদ্ধিদাং। অসিদ্ধসাধিনীং দেবীং বৈষ্ণবীমপরাজিতাং। ওঁ নমো ভগবতে বাসুদেবায় নমোঽস্ত্বনন্তায় সহস্র শীর্ষায় ক্ষীরোদার্ণবশায়িনে। শেষভোগপর্য্যঙ্কায় গরুড়বাহনায় অজায় অজিতায় অমিতায় অপরাজিতায় পীতবাসসে বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধ-হয়গ্রীব-মহাবরাহ-নরসিংহ-বামন-ত্রিবিক্রম-রাম-রাম-মৎস্য-কূর্ম্ম-বরপ্রদ নমোঽস্তু তে স্বাহা। ওঁ নমোঽস্তু তেঽসুর-দৈত্য-দানব-নাগ-গন্ধর্ব-যক্ষ-রাক্ষস-ভূত-প্রেত-পিশাচ-কুষ্মাণ্ড-সিদ্ধ-যোগিনী-ডাকিনী-স্কন্দ-পুরোগান্ গ্রহ-নক্ষত্রদোষান্ গ্রহাংশ্চান্যান্ হন হন দহ দহ পচ পচ মথ মথ বিধ্বংসয় বিধ্বংসয় বিচূর্ণয় বিচূর্ণয় বিদ্রাবয় বিদ্রাবয় শঙ্খেন চক্রেণ বজ্রেণ শূলেন গদয়া মুষলেন হলেন ভস্মীকুরু কুরু স্বাহা। ওঁ সহস্রবাহো সহস্রপ্রহরণায়ুধ জয় জয় বিজয় বিজয় অজিত অজিত অমিত অমিত অপরাজিত অপ্রতিহত সহস্রনেত্র জ্বল জ্বল প্রজ্বল বিশ্বরূপ বিশ্বরূপ বহুরূপ মধুসূদন মহাবরাহাচ্যুত নৃসিংহ মহাপুরুষ পুরুষোত্তম বৈকুণ্ঠনারায়ণ পদ্মনাভ গোবিন্দ অনিরুদ্ধ দামোদর হৃষীকেশ কেশব বামন সর্ব্বাসুরোৎসাদন সর্ব্বভূতবশঙ্কর

সর্ব্বাহিতপ্রমর্দ্দন সর্ব্বহিংস্রপ্রদমন সর্ব্বজ্বরপ্রণাশন সর্ব্বগ্রহনিবারণ সর্ব্বপাপপ্রমর্দ্দন সর্ব্বদুঃখবিনাশন জনার্দ্দন নমোঽস্তু তে স্বাহা। য ইমামপরাজিতাং পরমবৈষ্ণবীং পঠতি সিদ্ধাং স্মরতি সিদ্ধাং মহাবিদ্যাং জপতি পঠতি শৃণোতি স্মারয়তি ধারয়তি কীর্ত্তয়তি বাচয়তি বা গৃহীত্বা হস্তে পথি গচ্ছতি বা তত্ত্যা লিখিত্বা গৃহে স্থাপয়তি বা তস্য নাগ্নি-বায়ু-বজ্রোপলাশনি ভয়ং ন বর্ষভয়ং ন শত্রুভয়ং ন চৌরভয়ং ন গ্রহভয়ং ন সর্পভয়ং ন শ্বাপদভয়ং ন সমুদ্রভয়ং ন রাজভয়ং বা ভবেৎ। কচিৎ রাত্র্যন্ধকার-স্ত্রীরাজকুলবিষোপবিষ (গরল) গরদ দহন বশীকরণ বিদ্বেষণ উচ্চাটন বধ-বন্ধনভয়ং বা ভবেৎ। এভির্ম্মন্ত্রৈরুদাহৃতৈঃ সিদ্ধৈঃ সংসিদ্ধপূজিতৈঃ। তদ্যথা। ওঁ নমস্তেঽস্তু অভয়ে অনঘে অজিতে অমিতে অপরে অপরাজিতে পঠতি সিদ্ধে (বিদ্যে) স্মরতি সিদ্ধে মহাবিদ্যে একানংশে উমে ধ্রুবে অরুন্ধতি সাবিত্রি গায়ত্রি জাতবেদসি মানস্তোকে সুরস্বতি ধরণি ধারণি রমণি রামণি ধরণি ধারিণি সৌদামিনি অদিতি দিতি বিনতে গৌরি গান্ধারি শবরি কিরাতিনি মাতঙ্গি কৃষ্ণে যশোদে সত্যবাদিনি ব্রহ্মবাদিনি কালি কপালিনি করালিনি করালনেত্রে ভীমনাদিনি বিকরালনেত্রে সদ্যোপচয়াপচয়করি মাতঃ সর্ব্ববাচন বরদে শুভদে অর্থদে স্বামিনি অপমৃত্যুং নাশয় নাশয় পাপং হর হর জলগতং স্থলগতং অন্তরীক্ষগতং মাং রক্ষ রক্ষ সর্ব্বভূত সর্ব্বোপদ্রবেভ্যঃ স্বাহা। যস্যাঃ প্রণশ্যতে

পুষ্পং গর্ভো বা পতত্তে যদি। স্রিয়ন্তে বালকা যস্যাঃ কাকবন্ধ্যাচ যা ভবেৎ। ভূর্জ্জপত্রেস্থিমাং বিদ্যাং লিখিত্বা ধারয়েৎ সদা। এভির্দোষৈর্ন লিপ্যেত সুভগা পুত্রিণী ভবেৎ। ভূর্জ্জপত্রে কুঙ্কুমেন লিখিত্বা ধারয়েত্তু যঃ। রণে রাজকুলে দ্যূতে সংগ্রামে রিপুসংকুলে। অগ্নিচৌরভয়ে ঘোরে নিত্যং তস্য জয়ো ভবেৎ। শস্ত্রঞ্চ বারয়ত্যেষাং সমরে কাণ্ডধারিণী। গুল্ম-শূলাক্ষি-রোগাণাং ক্ষিপ্রং নাশয়তে ব্যথাং। শিরোরোগ-জ্বরানাঞ্চ নাশিনীং সর্ব্বদেহিনাং। তদ্যথা।—ঐকাহিক দ্ব্যাহিক ত্র্যাহিক চাতুর্থিক মাসিক দ্বৈমাসিক ত্রৈমাসিক চাতুর্মাসিক ষাণ্মাসিক মৌহর্ত্তিক বাতিক পৈত্তিক শ্লৈষ্মিক সান্নিপাতিক আমজ্বর সততজ্বর বিষমজ্বর গ্রহনক্ষত্রদোষান্ গ্রহাংশ্চান্যান্। ওঁ হর হর কালি শর শর গৌরি ধম ধম বিদ্যে আলে মালে তালে গন্ধে (বন্ধে) পচ পচ বিদ্যে মথ মথ বিদ্যে নাশয় নাশয় পাপং হর হর দুঃস্বপ্নং বিধ্বংসয় বিঘ্নবিনাশিনি অরিনাশিনি রজনি সন্ধ্যে দুন্দুভিনাদে মানস্তোকে মানসবেগে শঙ্খিনি চক্রিণি বজ্রিণি গদিনি শূলিনি অপমৃত্যুবিনাশিনি বিশ্বেশ্বরি দ্রাবিড়ি দ্রাবিড়ি কেশবদয়িতে পশুপতিসহিতে দুঃখহুরস্তে দুন্দুভিনাদিনি ভীমমর্দ্দিনি দমনি দামনি শবরি কিরাতিনি মাতঙ্গিনি মহেশ্বরি ইন্দ্রাণি ব্রহ্মাণি বারাহি মাহেন্দ্রি কৌমারি চণ্ডি চামুণ্ডে নমোঽস্তু তে। ওঁ হ্রাঁ হ্রীঁ হ্রূঁ হ্রৈঁ হ্রঃ তুরু তুরু স্বাহা। যে মাং দ্বিষন্তি প্রত্যক্ষং পরোক্ষং বা তান্ সর্ব্বান্ হন হন দম দম

পচ পচ মর্দ্দয় মর্দ্দয় তাপয় তাপয় শোষয় শোষয় উৎসাদয় উৎসাদয় ব্রহ্মাণি মাহেশ্বরি বারাহি কৌমারি বৈনায়কি (বৈষ্ণবি) ঐন্দ্রি আগ্নেয়ি চণ্ডি চামুণ্ডে বারুণি বায়ব্যে সর্ব্বকামফলপ্রদে রক্ষ রক্ষ প্রচণ্ডবিদ্যে ইন্দ্রোপেন্দ্রভগিনি জয়ে বিজয়ে শান্তি (স্বস্তি) পুষ্টি তুষ্টি কীর্ত্তি (ধৃতি) বিবর্দ্ধিনি কামাঙ্কুশে কামদুঘে সর্ব্বকামবরপ্রদে সর্ব্বভূতেষু মাং প্রিয়ং কুরু কুরু স্বাহা। ওঁ হ্রীঁ হ্রীঁ হুঁ হুঁ হুঃ। ওঁ আকর্ষিণি আবেশিনি আলামালিনি রমণি রামণি ধমনি ধামনি তপনি তাপনি মদোন্মাদিনি সংশোষিণি সম্মোহিনি মহাকালি নীলপতাকে মহারাত্রি মহাগৌরি মহামায়ে মহাশ্রিয়ে মহাচান্দ্রি মহাশৌরি মহাময়ূরি আদিত্যরশ্মি জাহ্নবি (জাজ্বলি) যমঘণ্টে। ওঁ আং কিলি কিলি চিন্তামণি সুরভি-সুরোৎপন্নে সর্ব্বকামদুঘে যথাভিলসিতং কার্য্যং তন্মে সিদ্ধতু স্বাহা। ওঁ অদিতে স্বাহা, ওঁ অপরাজিতে স্বাহা, ওঁ ভূঃ স্বাহা, ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা, ওঁ ভূর্ভুবঃ স্বঃ স্বাহা। ওঁ যত এবাগতং পাপং তত্রৈব প্রতিগচ্ছতু স্বাহা। ওঁ বলে বলে মহাবলে অসিদ্ধসাধিনি স্বাহা।

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে তৃতীয়কাণ্ডে (অমোঘবৈষ্ণবী) ত্রৈলোক্যবিজয়া অপরাজিতা স্তোত্রং সমাপ্তং। ওঁ তৎসৎ ৩।

আপদুদ্ধার-স্তোত্রং।

ওঁ নমস্তে শরণ্যে শিবে সানুকম্পে, নমস্তে জগদ্ব্যাপিনি বিশ্বরূপে। নমস্তে জগদ্বন্দ্য-পদার-বিন্দে, নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ১। নমস্তে জগচ্চিন্ত্যমানস্বরূপে, নমস্তে মহাযোগিনি জ্ঞানরূপে। নমস্তে নমস্তে সদানন্দরূপে, নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ২। অনাথস্য দীনস্য তৃষ্ণাতুরস্য, জরাতুরস্য ভীতস্য বদ্ধস্য জন্তোঃ। ত্বমেকা গতির্দ্দেবি নিস্তারকর্ত্রী, নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ৩। অরণ্যে রণে দারুণে শত্রুমধ্যে-হনলে সাগরে প্রান্তরে রাজগেহে। ত্বমেকাগতির্দ্দেবি নিস্তারহেতুর্নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ৪। অপারে মহাদুস্তরেহত্যন্তঘোরে, বিপৎসাগরে মজ্জতাং দেহভাজাং। ত্বমেকাগতির্দ্দেবি নিস্তারনৌকা, নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ৫। [নমো দেবি দুর্গে শিবে ভীমনাদে সরস্বত্যরুন্ধত্যমোঘস্য রূপে। বিভূতিঃ শচী বং সতী কালরাত্রি নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে]। নমশ্চণ্ডিকে চণ্ডদোর্দ্দণ্ডলীলা-সমুৎখণ্ডিতা খণ্ডিতাশেষশত্রোঃ। ত্বমেকা গতির্বিঘ্ন-সন্দেহহর্ত্রী, নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ৬। ত্বমেকাধিতারাধিতা সত্যবাদিন্য-মেয়াজিতা ক্রোধিতা ক্রোধনিষ্ঠা। ইড়া পিঙ্গলা ত্বং সুষুম্না চ নাড়ী নমস্তে জগত্তারিণি ত্রাহি দুর্গে। ৭।

শরণমসি সুরাণাং সিদ্ধবিদ্যাধরাণাং মুনিমনুজ-নরাণাং ব্যাধিভিঃ পীড়িতানাং। নৃপতিগৃহগতানাং দস্যুভিস্ত্রাসিতানাং, ত্বমসি শরণমেকা দেবী দুর্গে প্রসীদ। ৮।

ইদং স্তোত্রং ময়াপ্রোক্ত-মাপদুদ্ধারমষ্টকং। ত্রিসন্ধ্যমেকসন্ধ্যং বা পঠনাদেব সঙ্কটাৎ। মুচ্যতে নাত্র সন্দেহো ভুবি স্বর্গে রসাতলে। সমস্তং শ্লোকমেকং বা যঃ পঠেৎ ভক্তিতঃ সদা। স সর্ব্বদুষ্কৃতং হিত্বা প্রাপ্নোতি পরমং পদং। পঠনাৎ যস্য দেবস্য কিং ন সিদ্ধ্যতি ভূতলে। স্তবরাজমিদং দেবি সংক্ষেপাৎ কথিতং তব।

ইতি বিশ্বসারতন্ত্রে আপদুদ্ধারকল্পে আপদুদ্ধারস্তবরাজঃ সমাপ্তঃ।

হোমসম্বন্ধীয় জ্ঞাতব্য বিষয়।

হস্তাদি।—স্বীয় বৃদ্ধাঙ্গুষ্ঠের চব্বিশ অঙ্গুলে অর্থাৎ কনুই হইতে অনামিকার অগ্রভাগ পর্য্যন্ত পরিমাণে 'এক হাত' হয়। যজমানের হস্তাদির প্রমাণই সর্ব্বত্র গ্রাহ্য, অভাবে যাজকের তদভাবে (ঋত্বিকের) সাধারণ হস্তাদির প্রমাণই গ্রাহ্য হইবে। দ্বাদশ অঙ্গুলি অর্থাৎ অর্দ্ধহস্ত বিস্তৃত যে

অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর অগ্রভাগ পরিমাণ তাহাকে 'প্রাদেশ' কহে। মুষ্টিযুক্ত দক্ষিণ হস্তের কনুই হইতে কনিষ্ঠাঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত পরিমাণকে 'অরত্নি' বলে। স্থণ্ডিলাদিতে হস্তাদির প্রমাণের জন্ত কুশা গ্রাহ্য, ঐ কুশা অঙ্গুলিদ্বারা মাপিয়া লইবে।

বেদী।—সমচতুষ্কোণ হস্তপ্রমাণ উচ্চ এবং চতুর্হস্তপ্রমাণ দীর্ঘ ও প্রস্থ এবং পূর্ব্ব উত্তর ভাগে কিঞ্চিৎ নিম্ন চন্দ্রাতপাচ্ছাদিত গোময়োপলিপ্ত পরিস্কৃত ভূমিকে 'বেদী' বলে। হোমার্থ কল্পিত হস্তপ্রমাণ দীর্ঘ ও প্রস্থ সমচতুষ্কোণ এবং কেশ তুষ অঙ্গার ও শর্করাদি দগ্ধ মৃত্তিকা প্রভৃতি রহিত পরিস্কৃত বালুকাবিশিষ্ট অস্থ্যাদির বৃদ্ধিরহিত গোময়োপলিপ্ত ভূমিকে 'স্থণ্ডিল' বলে। দগ্ধ মৃত্তিকার উপর হোমাদি করা নিষেধ এজন্ত ঐরূপ স্থলে মৃত্তিকা লেপন করিয়া লওয়া উচিত। বৃহৎ হোমাদিতে 'কুণ্ড' ব্যবহার করিতে হয়, এস্থলে অনাবশ্যক বিবেচনায় উহা লিখিলাম না।

ব্রহ্মাদি।—ব্রহ্মা হোতা তন্ত্রধার ও সদস্য এই চারি জনকে যজমান প্রতিষ্ঠাদি কর্ম্মাঙ্গ হোম নিমিত্তক যথাক্রমে বরণ করিবেন। সংস্কার ও পূজা প্রভৃতি কর্ম্মাঙ্গ হোমে বরণ নাই। কোন ব্যক্তির অভাব হইলে "ভগবন্ নারায়ণত্বং সদস্যো ভব" এই প্রকারে নারায়ণের উপর প্রতিনিধি দেওয়া ব্যবহার আছে। হোমীয় কর্ম্মে হোতার কৃত বা অকৃত কিম্বা কর্ম্মের অযথাকৃত পরিদর্শক বেদজ্ঞ ব্রাহ্মণকে

'ব্রহ্মা' বলে। এই ব্রহ্মা কর্ম্মসমাপ্তি পর্য্যন্ত মৌনী হইয়া নির্দ্দিষ্ট কুশাসনে কৃতাঞ্জলি পূর্ব্বক অবস্থান করিবেন এবং হোমাদি কর্ম্ম সম্বন্ধীয় সংস্কৃত বাক্য ভিন্ন অন্য বাক্য প্রয়োগ করিবেন না, যদি অন্য বাক্য বলেন তবে তন্নিমিত্তক অযজ্ঞিয় বাগ্বচন মন্ত্র পাঠ করিবেন। ব্রহ্মার অভাব পক্ষে কুশাগ্র (সামবেদীদিগের অনির্দ্দিষ্ট সংখ্যা হেতু অন্যূন তিনগাছি) দ্বারা রচিত কুশময় ব্রাহ্মণ কিম্বা জলপূর্ণ কমণ্ডলু ঘট প্রভৃতি জলপাত্র অথবা হোতার উত্তরীয় বস্ত্রাদি ব্রহ্মার অনুকল্পরূপে ব্রহ্মাসনে স্থাপন করিয়া কার্য্য করিবে। এরূপ অনুকল্প বিধান গোভিল সূত্রে এবং ভবদেব পদ্ধতিতেও কথিত হইয়াছে। এই অনুকল্প স্থলে ব্রহ্মার কর্ত্তব্য কার্য্যাদি হোতাই করিবেন।

হোমকর্ত্তা যাজককে 'হোতা' বলে। উত্তাপাদি নিবৃত্তির জন্য মস্তকাচ্ছাদন বস্ত্রকে 'উষ্ণীষ' বলে। সাধারণতঃ যাজকের মন্ত্রাদি পাঠনা কার্য্যের সাহায্য কারিকে 'তন্ত্রধারক' বলে। হোতা প্রভৃতি বৃত্ত ব্যক্তিগণের কৃতকর্ম্মের বিধি প্রদর্শককে 'সদস্য' কহে।

আহুতি।—অগ্নিতে প্রক্ষেপ জন্য হোমীয় দ্রব্যকে 'আহুতি' বলে। সাধারণতঃ যজ্ঞসম্বন্ধীয় কাষ্ঠকেই 'সমিধ' বলে। হোমীয় সমিধ অঙ্গুষ্ঠের অধিক বা ন্যূন স্থূল হইবে না এবং শুষ্ক বা বল্কহীন কিম্বা কীটাদি যুক্ত না হয়। যজ্ঞডুমুর, পলাশ, যব (ধোয়া আঠা) ও খদির প্রভৃতির শাখা একপত্রাবশিষ্ট

শাখা (অভাবে অনিয়ম) প্রাদেশ প্রমাণ মাপিয়া ছেদন পূর্ব্বক কার্য্য বিশেষে সমিধ করিবে। দূর্ব্বা এবং কুশপত্র প্রভৃতির আহুতি ত্রিপত্ররূপে রচনা করিবে। পরিষ্কৃত বিল্বদল ও করবীরাদি পুষ্প এবং ধান্য, তিল, যব, গোধূমাদি শস্য ও লাজা এবং চরু প্রভৃতি দ্রব্য কার্য্য বিশেষে আহুতি হইয়া থাকে। সর্ব্বত্রই আহুতি ঘৃত-স্রক্ষিত করিয়া ওঙ্কারাদি স্বাহান্ত মন্ত্রে হোম করিতে হয়। বিশেষ আহুতির অভাব স্থলে প্রাদেশ প্রমাণ কুশপত্রই আহুতিরূপে প্রায় গ্রাহ্য হয়। আর সকল দ্রব্যই জলের ছিটা দিয়া প্রোক্ষণ পূর্ব্বক শুদ্ধ করিয়া ব্যবহার করিবে। "হোম করিবে" কেবল এই প্রকার আদেশ থাকিলে, গব্যঘৃত মাত্র দিয়া হোম করা বুঝায়। গব্য ঘৃতের অভাব স্থলে সার্ষপ তৈল দ্বারাও হোম করা যায়। আহুতি দানে, শক্তি অনুসারে অষ্ট বা অষ্টাবিংশতি কিম্বা অষ্টোত্তর শত, সহস্র, অযুত বা লক্ষ প্রভৃতি সংখ্যক সঙ্কল্প পূর্ব্বক হোম করিবে। সামবেদীয়েরা চিত্তভাবে স্থিত দক্ষিণ হস্তের অঙ্গুলি সকল সংমিলিত ও সমামাগ্র রাখিয়া এবং অঙ্গুলি-মূলে অঙ্গুষ্ঠ যোগ করিয়া অঙ্গুল্যগ্র দ্বারা আহুতি ত্যাগ করিবে। হোমীয় ঘৃত তাম্রপাত্রে রাখাই প্রশস্ত, পিত্তলাদি তৈজস পাত্রে এবং মৃত্তন মৃণ্ময় পাত্রেও ঘৃত রাখা ব্যবহার আছে। ঘৃতাদি স্নেহ দ্রব্য মার্জ্জারাদি কর্ত্তৃক উচ্ছিষ্ট হইলে সেই উচ্ছিষ্ট স্থান হইতে কিঞ্চিৎ ত্যাগ করিবে, ঘৃতাদি গালাইয়া ছাঁকিয়া লইলেও শুদ্ধ হয়।

যজ্ঞকাষ্ঠ।—স্রুক, স্রুব, চমস, উদূখল-মূষল, মেক্ষণ প্রভৃতিকে যজ্ঞকাষ্ঠ বলে। সাধারণতঃ যজ্ঞডুমুর কিম্বা বিল্বকাষ্ঠের বা খদির কাষ্ঠের অথবা পলাশ কাষ্ঠের যজ্ঞকাষ্ঠ হইয়া থাকে। হস্তপ্রমাণ দীর্ঘ ষড়ঙ্গুলি বিস্তৃত (হাতার ন্যায়) অগ্রভাগ এবং চতুরঙ্গুল বিস্তৃত মূলদেশ যে কাষ্ঠখণ্ড দ্বারা প্রথমতঃ ঘৃতাদি গ্রহণ করিতে হয়, তাহার নাম "স্রুক্" ঐ স্রুক্ দ্বারা গৃহীত ঘৃতাদি অগ্নিতে আহুতি দিবার জন্য হস্তপ্রমাণ দীর্ঘ অগ্রভাগে বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রপর্ব্বদ্বয় প্রমাণ (নাসারন্ধ্রবৎ) গর্ত্ত সমন্বিত যে দ্বিতীয় পাত্রে ঐ ঘৃতাদি স্থাপন করিতে হয়, তাহাকে "স্রুব" বলে। স্রুক্, স্রুব নামক দুইখানি পাত্র গ্রহণের কারণ বোধ হয় স্রুব দ্বারা দেবোদ্দেশ্যক প্রদত্ত ঘৃতের অবশিষ্ট উচ্ছিষ্ট ঘৃত উহাতে সংলগ্ন থাকায় উহা আজ্যপাত্রে সংলগ্ন না হওয়াই উচিত এবং চরু হোমাদিতেও উহার বিশেষ প্রয়োজন। স্রুবের মূলদেশে পঞ্চাঙ্গুলি ত্যাগ করিয়া, উহা শঙ্খমুদ্রা দ্বারা ধারণ পূর্ব্বক ঘৃতাদি গ্রহণ করিয়া অধোমুখে আহুতি ত্যাগ করিবে। অগ্নির উত্তরাংশে জলাদি স্থাপনার্থ দ্রোণির ন্যায় গঠিত প্রাদেশ প্রমাণ কাষ্ঠ-পাত্রকে "চমস" বলে। হোমীয় তণ্ডুলাদি পরিষ্কার করিবার জন্য পশ্চিম প্রদেশীয় যন্ত্র বিশেষের ন্যায় গঠিত প্রাদেশ প্রমাণ কাষ্ঠখণ্ডদ্বয়কে "উদূখল মূষল" কহে। সামান্য হোমাদিতে পলাশপত্র কিম্বা অশ্বত্থ পত্রে নির্ম্মিত স্রুক্ স্রুব দ্বারাও হোম করিবার বিধি আছে, এজন্য স্রুক্ স্রুবাদির পরিবর্ত্তে দর্ব্বী এবং

চমসের পরিবর্ত্তে জল স্থাপনার্থ কোশা প্রভৃতি পাত্রান্তরও এক্ষণে ব্যবহার হয়। চরু হোমের জন্য শরের প্রধান কাষ্ঠিকাকে "মেক্ষণ" বলে। কোন কোন স্থলে স্রুব দ্বারাও আজ্যপাত্র হইতে ঘৃত লওয়ার কথা আছে।

[বেদোক্তমন্ত্র প্রভৃত শাস্ত্রাবশিষ্ট হওনের যুক্ত উচ্ছিষ্ট প্রায় হওয়ায় ঐ দেবদ্রব্যে ত্রৈবিদ্যাদির ন্যায় ব্রাহ্মণের অধিকার সুতরাং পুরোহিতেরা উহা লইলে কর্ম্মকর্ত্তার উহাতে আপত্তি না করাই উচিত, কিন্তু পুরোহিতেরা লোভাক্রান্ত হইয়া হোমে স্বল্পতা করিয়া ঘৃত সঞ্চয় করিলে, দেব-দ্রব্য অপহরণ পাপে লিপ্ত হইবেন]।

যজ্ঞীয় কাষ্ঠ।—কাঁচা কাষ্ঠ, অগ্রবর্ণযুক্ত তিন্তিড়ি প্রভৃতি কাষ্ঠ এবং তৃণ জাতীয় তাল, নারিকেল ও বংশ প্রভৃতি কাষ্ঠ এবং ক্ষীর জাতীয় কাষ্ঠ হোমে গ্রাহ্য নহে, বিল্বাদি সারবান্ কাষ্ঠই সাধারণতঃ ব্যবহার্য্য। তান্ত্রিক হোম বিশেষে কূল কাষ্ঠও প্রশস্ত। তান্ত্রিক হোম অনেক বিষয়ে সংক্ষেপ আছে, উহা এই ভাগে কালি পূজায় দেখে দেখ। হোমীয় কাষ্ঠ জল দ্বারা প্রোক্ষণ করিয়া ব্যবহার করিবে।

অগ্নি।—শব সম্বন্ধীয় অগ্নি, চাণ্ডালাগ্নি, সূতিকাগ্নি, পতিতাগ্নি, অপবিত্রাগ্নি এবং চিতাগ্নি অগ্রাহ্য। কাষ্ঠ সম্বন্ধীয় অগ্নি হইতে কাংস্য পাত্রদ্বারা বিশুদ্ধ অগ্নি গ্রহণ প্রশস্ত, অভাবে নূতন শরাব দ্বারাও অগ্নি

লক্ষণ বলা যায়। যে অগ্নি উত্তম শিখাবিশিষ্ট বা গোলাকার শিখা সমন্বিত বা প্রদক্ষিণ শিখা যুক্ত বা স্বর্ণের ন্যায় আভাযুক্ত এবং যাহার শিখা স্নিগ্ধ ও দক্ষিণাবর্ত্ত সেই অগ্নি কার্য্যসিদ্ধির সূচক হয়েন। যে ব্যক্তি ক্ষুধা, তৃষ্ণা বা ক্রোধাদি যুক্ত হইয়া ঔদাস্য মন্ত্র পাঠপূর্ব্বক হোম করেন, কিম্বা নির্ব্বাণ প্রায় বহুধূমসঙ্কুল অগ্নিতে হোম করেন, তিনি জন্মান্তরে অন্ধ হয়েন। রুক্ষ, কৃষ্ণ, স্ফুলিঙ্গযুক্ত, বামাবর্ত্ত, তাম্রবর্ণ, ফুৎকারবিশিষ্ট, কৃষ্ণবর্ণ শিখা সমন্বিত, দুর্গন্ধযুক্ত কিম্বা ভূমিলেলিহমান-শিখাযুক্ত অগ্নিতে যে ব্যক্তি হোম করেন, তিনি নাশপ্রাপ্ত হয়েন। হোমীয় অগ্নিতে শূর্প, বস্ত্র, ব্যজন কিম্বা কেবল হস্ত দ্বারা বায়ু সঞ্চালন করিবে না ফুৎকারদ্বারা অগ্নি প্রজ্বলন করা প্রশস্ত।

অগ্নি স্থাপনাতে অগ্নির যে নামকরণ করা হয়, তাহা যদি একটী সংস্কার বা ব্রতাদি প্রতিষ্ঠা কিম্বা বৃষোৎসর্গাদি যে কোন এক প্রকার কর্ম্মনিমিত্তক হয়, তবে ঐ স্থলেই অগ্নির বিশেষ নামকরণ এবং ঐই নামে আবাহন পূজাদি করা কর্ত্তব্য, নচেৎ বহু সংস্কার বা বহুবিধ প্রতিষ্ঠাদি নানা কর্ম্মনিমিত্তক কুশণ্ডিকা হইলে, প্রত্যেক প্রকৃত কর্ম্মারম্ভেই বিশেষ বিশেষ নামকরণাদি করিতে হইবে, এস্থলে অগ্নিস্থাপনাতে কোন প্রকার নামকরণাদির প্রয়োজন নাই, কেহ কেহ এরূপ স্থলে অগ্নি স্থাপনান্তর 'বিরূপাক্ষ' নামক অগ্নির সাধারণ নামে নামকরণাদি করিয়া, প্রকৃত কর্ম্মারম্ভে বিশেষ নামাদির উল্লেখ

করেন। অগ্নির বিশেষ নাম না জানিলে, প্রকৃত কর্ম্মারম্ভেও 'বিশ্বরূপ' নামে অগ্নির নামকরণাদি করিবার বিধি আছে।

কার্য্য বিশেষে অগ্নির নাম।—লৌকিক কর্ম্মে অগ্নির নাম পাবক, গর্ভাধানে মারুত, পুংসবনে চন্দ্র, শুঙ্গা কর্ম্মে শোভন, সীমন্তোন্নয়নে মঙ্গল, জাতকর্ম্মে প্রগল্ভ, নামকরণে পার্থিব, অন্নপ্রাশনে শুচি, চূড়ায় সভ্য, উপনয়নে সমুদ্ভব, গোদানাখ্য সংস্কারে সূর্য্য, কেশান্তাখ্য সংস্কারে অগ্নি, বিসর্গে (মহাদানে) বৈশ্বানর, বিবাহে যোজক, চতুর্থী হোমে শিখী, ধৃতিহোমে অগ্নি, প্রায়শ্চিত্তে (প্রায়শ্চিত্তাত্মক মহাব্যাহৃতি হোমাদিতে বিধু, চরুপাকাত্মক হোমে অর্থাৎ বৃষোৎসর্গ ও ব্রত প্রতিষ্ঠাদিতে সাহস, লক্ষহোমে বহ্নি, কোটিহোমে হুতাশন, পূর্ণাহুতিতে মৃড়, শান্তিকর্ম্মে (বাস্তুযাগাত্মক হোমাদিতে) বরদ, পৌষ্টিকে (চর্ব্বোৎসবাদিনিমিত্ত হোমে) বলদ, অভিচারে ক্রোধ, কোষ্ঠে জঠর, চিতানলে অগ্নির নাম ক্রব্যাদ। [অথর্ব্বেদে 'জেম' নামক অগ্নি সর্ব্বাদর্শনে উল্লেখিত আছে]।

কুশণ্ডিকার পরে, দ্বিতীয় কর্ম্মান্তরের জন্য ঐ অগ্নি স্থানান্তরে লইয়া, তাহাতে হোম করিবার ইচ্ছা করিলে, উপযুক্ত স্থণ্ডিলে রেখাকরণ হইতে রেখা অভ্যুক্ষণ (বহ্নিস্থাপনের পূর্ব্ব) পর্য্যন্ত ভূমিশোধনরূপ কার্য্য করিয়া লইবে। পরে, প্রকৃত কর্ম্মারম্ভ করিবে।

পূর্ণপাত্র।—আট মুষ্টিতে এক কুঞ্চিকা হয়, আট কুঞ্চিকায় পুষ্কল হয়, ঐ চারি পুষ্কলে অর্থাৎ বত্রিশ কুঞ্চিকায় পূর্ণপাত্র হইয়া থাকে। অসমর্থ পক্ষে বিশিষ্ট ভোক্তা ব্যক্তির তৃপ্তিসাধন-যোগ্য তণ্ডুল দ্বারাও পূর্ণপাত্র হইবে। উহার ন্যূন পরিমাণ তণ্ডুল হইলে পূর্ণপাত্রানুকল্প ভোজ্য বলিয়া উল্লেখ করিবে। এই পূর্ণপাত্র ব্রহ্ম-সম্প্রদানক দক্ষিণা হইবে। প্রকৃত কর্ম্মের দক্ষিণা হোতৃ-সম্প্রদানক করা কর্ত্তব্য। নিজে হোতা (কিম্বা অন্য কর্ম্মের যাজক) হইলেও দক্ষিণা অন্য ব্রাহ্মণকে দিতে হইবে।

